

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা মহানগরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে ৯৫.০০ হাজার টাকা জরিমানা

২২ জুন ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২টি মোবাইল টিমের নেতৃত্বে ঢাকা মহানগরের তেজগাঁও ও মোহাম্মদপুর এলাকায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহিমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে **BAKER'S BAY** কে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা এবং ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে স্বপ্ন সুপার শপকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকাসহ মোট **৬৫,০০০/- (পঁয়ষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আল রাজী হোটেলকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা এবং ওজনে কারচুপির অপরাধে মুসলিম সুইটসকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ২টি বাজার তদারকির মাধ্যমে ৪টি প্রতিষ্ঠানকে মোট **৯৫,০০০/- (পঁচানব্বই)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আর্মড পুলিশ ব্যাটালিয়ান এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(রিনা বেগম)

সহকারী পরিচালক (কার্যক্রম)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।